# 38468 - এক শহরে একাধিক ঈদগাহের ব্যবস্থা করা

প্রশ্ন

মুসলিম সংস্থা দুই ঈদের নামায আদায় করার জন্য বিশাল এক হলরুম ভাড়া করে থাকে। এমতাবস্থায় অপর একদলের জন্যে কি জায়েয হবে, তারা হলরুম থেকে প্রায় ত্রিশ কিলোমিটার দূরে তাদের নিজস্ব মসজিদে ঈদের নামায আদায় করবে? উল্লেখ্য, যাতায়াতের যানবাহন সুলভ। একাধিক জামাতে ঈদের নামায পড়ার পরিবর্তে একই হলরুমে অধিকাংশ মুসলমান একত্রিত হওয়া কি উত্তম?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যদি সকলে সমবেত হতে পারে তাহলে সেটাই উত্তম। আর যদি সমবেত হওয়া তাদের জন্য কষ্টকর হয়ে যায় তাহলে তারা নিজেদের এলাকায় ঈদের নামায পড়তে কোন বাধা নেই; যে এলাকা ঈদগাহ থেকে ত্রিশ কিঃমিঃ বা তদ্রুপ দূরে। যেহেতু এমন দূরত্ব হলে সমবেত হওয়া কষ্টকর হয়ে যায়।

আল্লাহ্‌ই তাওফিকদাতা।